# An Garda Síochána

# ভিক্টিম ইনফরমেশন লিফলেট



## সূচীপত্র

ভিক্টিমের অধিকারসমূহ

জিজ্ঞাসা করতে পারে?

ক্ষতিগ্রস্থদের সুরক্ষা

আপনার ক্ষেত্রে

পরীক্ষা

অন্যান্য সাহায্য

গার্ডা ভিকটিম পরিষেবা অফিসসমূহ

দরকারী ওয়েবসাইট

# ভিক্টিমের অধিকারসমূহ

আপনি যখন একজন ভিক্টিম হবেন তখন নিম্নোক্ত বিষয়গুলোর প্রতি আপনার অধিকার আছে:

- তথ্য,
- সহায়তা, এবং
- সুরক্ষা।

স্টেট ক্রিমিনাল জাস্টিস সংগঠনগুলো এই সেবাসমূহ প্রদান করে থাকে

## কাকে কোনো একটি অপরাধের জন্য ভিক্টিম বা ক্ষতিগ্রস্ত বলা যায়?

কোনো অপরাধের ভিক্টিম উক্ত অপরাধটির জন্য বিভিন্ন ধরণের নির্যাতনের শিকার হতে পারে, যার মধ্যে রয়েছে:

- শারীরিক,
- মানসিক,
- আবেগ সংক্রান্ত,
- অর্থনৈতিক।

যেকোনো পরিবারের কোনো সদস্য যার কাছের কেউ কোনো অপরাধমূলক কর্মকাণ্ডের শিকার হয়ে মৃত্যুবরণ করেছে তখন তাকে অপরাধটির একজন ভিক্টিম বলা হয়।

পরিবারের সদস্য হিসেবে স্বামী-স্ত্রী অথবা কোনো সঙ্গীকেও বিবেচনা করা হয় যে কিনা ভিক্টিমের সাথে একটি যৌথ পরিবারে বসবাস করছে। ভাই-বোন, নির্ভরশীল কেউ বা কাছের আত্মীয়-স্বজনেরাও পরিবারের সদস্য হিসেবে গণ্য হয়। এর অর্থ হচ্ছে তারাও তথ্য গ্রহণ, সহায়তা এবং সুরক্ষা পাবার অধিকার রাখে।

## আমাকে কি প্রমাণ প্রদান করতে হবে?

- কোনো একটি অপরাধের ভিক্টিম হিসেবে ক্রিমিনাল জাস্টিস সিস্টেমে আপনার কিছু গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে। আপনাকে আদালতে কিছু প্রমাণ প্রদান করতে হতে পারে।
- জামিনের শুনানির সময় আপনার কাছ থেকে প্রমাণ চাওয়া হতে পারে। জামিনের শুনানির মাধ্যমে আপনার বিরুদ্ধে করা অপরাধের অপরাধী তার আদালতের শুনানির আগ পর্যন্ত মুক্ত থাকার জন্য আবেদন করতে পারে।
- অপরাধটি সংঘটনের মাধ্যমে আপনি কিভাবে প্রভাবিত হয়েছেন সে ব্যাপারে সকল বিস্তারিতও আপনাকে জিজ্ঞাসা করা হতে পারে। একে ভিক্টিম ইমপ্যাক্ট স্টেটমেন্ট বলা হয় এবং সাধারণত এটি শাস্তি শোনানোর আগেই গ্রহণ করা হয়।
- এই স্টেটমেন্টের মাধ্যমে অপরাধীদেরকে অভিযুক্ত করা হয়। কোনো ক্রিমিনাল কেসের জন্য আপনাকে আপনার নিজস্ব আইনজীবীর ব্যবস্থা করতে হবে না।

## আমি কিভাবে কোনো একটি অপরাধের জন্য রিপোর্ট করতে পারি?

- কোনো জরুরী অবস্থার ক্ষেত্রে 999/112 নম্বরে ফোন করুন।
- আপনার স্থানীয় Garda ষ্টেশনে ফোন করুন অথবা নিজে গিয়ে স্থানীয় ষ্টেশনে যোগাযোগ করুন।

কোনো কোনো সময় Garda ষ্টেশনে যোগাযোগ করা এবং দেখা করার জন্য একটি সময় নির্ধারণ করা সহজতর হয়।

## আমি যখন কোনো অপরাধের জন্য রিপোর্ট করবো তখন Garda আমাকে কী কী জিজ্ঞাসা করতে পারে?

আপনি যখনই Garda Síochána-তে কোনো অপরাধের ব্যাপারে রিপোর্ট করবেন, তখন আপনি একজন ভিক্টিম বা সাক্ষী যেই হন না কেন আমরা আপনাকে নিম্নোক্ত বিষয়ে জিজ্ঞাসা করবো:

- অপরাধটি সম্পর্কে আমাদেরকে যথাসম্ভব তথ্য প্রদান করুন।
- আপনার (অথবা আপনার পরিবারের) নিরাপত্তা নিয়ে যদি কোনো উদ্বেগ থাকে তাহলে আমাদের অবগত করুন যাতে করে আমরা আপনাকে যথোপযুক্ত পরামর্শটি দিতে পারি।
- চলমান তদন্ত প্রক্রিয়াটির ব্যাপারে আপনাকে সর্বদা অবগত রাখার জন্য আমাদেরকে আপনার সাথে যোগাযোগের বিস্তারিত তথ্য দিন।
- আপনি যদি নতুন কোনো তথ্য পান তাহলে তা আমাদের জানান। অপরাধটির ব্যাপারে রিপোর্ট করার পরবর্তী সময়ে পুনরায় কোনো ক্ষতির সম্মুখীন হতে পারেন।
- অপরাধটির কারণে আপনি হতাহত হয়ে থাকলে সেটি যদি পরবর্তীতে আরও বিস্তার লাভ করে থাকে তাহলে সেটি আমাদের জানান।
- আপনার সাথে যোগাযোগের ঠিকানা পরিবর্তন করা হলে হলে আমাদের সেটি জানান।
- ভিক্টিম সাপোর্ট সার্ভিস এ রেফারের জন্য আপনার সম্মতি থাকলে সেটি আমাদের বলুন।

## তদন্ত প্রক্রিয়াটির ব্যাপারে একটি সামগ্রিক ব্যাখ্যা আমি কোথায় পেতে পারি?

তদন্তমূলক প্রক্রিয়াটির ব্যাপারে সম্পূর্ণ ব্যাখ্যা পেতে www.garda.ie ওয়েবসাইটে আমাদের প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ) সেকশনটি দেখুন।

## আমার রিপোর্টটিকে কেন্দ্র করে আমি কী কী প্রত্যাশা করতে পারি?

- আমরা আপনার অভিযোগটি নিয়ে তদন্ত করবো।
- আমরা আপনাকে তদন্তকারী Garda-এর নাম, ফোন নাম্বার ও ষ্টেশনের তথ্য এবং একটি স্পেশাল নাম্বার প্রদান করবো যেটি হচ্ছে আপনার পালস ইন্সিডেন্ট নম্বর এবং এখানেই আপনার রিপোর্টটি রেকর্ড করা থাকবে।
- সংঘটিত অপরাধটির সার্বিক অবস্থার উপর ভিত্তি করে

- তদন্তকারী Garda, Garda ভিক্টিম সার্ভিস অফিস অথবা পারিবারিক যোগাযোগ অফিসার সকল ভিক্টিমের সাথে পুনরায় যোগাযোগ করবে।
- Gardaí-তে করা আপনার অভিযোগটির প্রাপ্তি স্বীকার করার উদ্দেশ্যে আমরা সেটি লিখে রাখবো। এই ডকুমেন্টটিতে উক্ত অভিযোগ সংক্রান্ত সকল সাধারণ তথ্য থাকবে। আপনি যদি চান তাহলে এই ডকুমেন্টটি আমরা আপনার কথা বলার ভাষাতেও অনুবাদ করে প্রদান করতে পারবো।
- অপরাধটির ধরণের উপর ভিত্তি করে লিখিতভাবে তথ্য প্রদান করার পরিবর্তে আমরা আপনাকে সামনাসামনিও তথ্য প্রদান করতে পারি।
- অপরাধটির সার্বিক অবস্থার উপর ভিত্তি করে আপনার স্থানীয় Garda ভিক্টিম সার্ভিস অফিস, তদন্তকারী সদস্য অথবা পারিবারিক যোগাযোগ অফিসার তদন্তের ব্যাপারে কোনো গুরুত্বপূর্ণ অগ্রগতি সম্বন্ধে আপনাকে অবগত করতে পারে।

## যখন কোনো অপরাধ রিপোর্ট করবো তখন কি আমি আমার সাথে কাউকে নিয়ে আসতে পারবো?

হ্যাঁ। ভিক্টিম হিসেবে নিম্নোক্ত ক্ষেত্রে আপনাকে সহায়তা প্রদানের জন্য যে কাউকেই আপনি সাথে নিয়ে আসতে পারবেন:

- কোনো অপরাধ রিপোর্ট করার সময়;
- কোনো আনুষ্ঠানিক স্টেটমেন্ট প্রদানের সময়;
- Gardaí-এর সাথে পরবর্তী কোনো সাক্ষাতের সময়।

এছাড়াও আপনি আপনার সাথে কোনো আইনি প্রতিনিধি – আইনজীবী – আনতে পারেন।

কিন্তু কোনো কোনো ক্ষেত্রে An Garda Síochána-এর কোনো একজন সদস্য আপনার সঙ্গি হিসেবে ভিন্ন কোনো ব্যক্তিকে বাছাই করতে বলতে পারে এবং আপনার আইনি প্রতিনিধিও এর আওতাভুক্ত. .

An Garda Síochána-এর কোনো একজন সদস্য আপনার সঙ্গি হিসেবে যে কাউকে নিষিদ্ধ করতে পারে যদি সে:

- আপনার সার্বিক উন্নয়নের বিরুদ্ধে হয়ে থাকে;
- কোনো তদন্ত অথবা সন্ত্রাসী কর্মকাণ্ডে অনৈতিকভাবে পক্ষপাতিত্ব করবে।

এর ফলে আপনি ভিন্ন কোনো মানুষ নির্বাচন করার জন্য বঞ্চিত হবেন না এবং Garda-এর উপযুক্ততা অনুযায়ী যে কাউকেই আপনাকে সঙ্গ দেয়ার জন্য নিয়ে আসতে পারবেন।

# আপনার কেস

## আমি আমার কেসের সাথে কিভাবে আপ টু ডেট থাকতে পারবো?

আপনার অভিযোগটি নিয়ে তদন্ত চলাকালীন সময়ে আপনি আপনার তদন্তকারী Garda-এর কাছ থেকে তদন্তের ব্যাপারে গুরুত্বপূর্ণ অগ্রগতি সম্বন্ধে তথ্য চাইতে পারেন।

তদন্ত চলাকালীন সময় কিংবা আপনার কেসের সাথে সম্পর্কিত যেকোনো সন্ত্রাসী কর্মকাণ্ডের পরবর্তী যেকোনো সময়ে আপনি তাদের কাছ থেকে তথ্য চাইতে পারেন।

কোনো তথ্যের জন্য করা আবেদনও আপনি যেকোনো সময় পরিবর্তন (সংশোধন) করতে পারেন।

আপনি যদি কেসের ব্যাপারে আমাদের কাছ থেকে তথ্য চান তাহলে আমরা আপনাকে নিম্নোক্ত তথ্য দিয়ে সাহায্য করতে পারি।

### আপনার ব্যাপারে তথ্য

আপনি যদি চান তাহলে আমরা আপনাকে আপনার স্টেটমেন্টের একটি কপি পাঠাতে পারি।

### অভিযুক্ত ব্যক্তির গ্রেপ্তার এবং চার্জ করা সংক্রান্ত তথ্য

নিম্নোক্ত বিষয়ে আমরা আপনাকে তথ্য প্রদান করতে পারবো:

- কোনো ব্যক্তিকে গ্রেপ্তার এবং চার্জ করা;
- তাদেরকে যে ধরণের অভিযোগে অভিযুক্ত করা হয়েছে।

কোনো ব্যক্তির জামিনে মুক্তি লাভ কিংবা কাস্টডিতে রাখার ব্যাপারে সংশ্লিষ্ট তথ্য আমরা আপনাকে প্রদান করতে পারবো। এই ধরণের তথ্যের মধ্যে রয়েছে তাদের জামিনের (ট্রায়ালের আগ পর্যন্ত অস্থায়ী জামিন) অবস্থা।

### ট্রায়াল বা বিচার

যদি কোনো ব্যক্তিকে চার্জ করা হয়ে থাকে, তাহলে আমরা আপনার ইচ্ছানুযায়ী আপনাকে ট্রায়ালের তারিখ এবং সেটি কোথায় হবে সেই স্থানের ব্যাপারে বলবো।

যদি কোনো ব্যক্তিকে অভিযুক্ত করা হয়ে থাকে, তাহলে আমরা আপনার ইচ্ছানুযায়ী আপনাকে শাস্তি প্রদানের তারিখ বা আপীলের তারিখ এবং সেটি কোথায় অনুষ্ঠিত হবে সেই স্থানের ব্যাপারে বলবো।

### কাস্টডি থেকে মুক্তি বা অব্যাহতি

Garda কাস্টডিতে অথবা রিমান্ডে (কারাগারে ট্রায়াল বা বিচারের জন্য অপেক্ষারত অবস্থায় থাকা) থাকাকালীন সময়ে কোনো অপরাধকারীকে মুক্তি বা অব্যাহতি দেয়া হলে আপনার ইচ্ছানুযায়ী আপনাকে সে ব্যাপারে জানানো হবে।

এছাড়াও আপনি অভিযুক্ত অপরাধীর ব্যাপারে নিম্নোক্ত বিস্তারিত তথ্যসমূহ জানতে পারবেন:

- কাস্টডি থেকে সাময়িক সময়ের জন্য মুক্তি বা অব্যাহতি;
- মৃত্যু, যদি কারাবাসে দণ্ডরত অবস্থায় থাকে।

## যদি কেসটি নিয়ে পরবর্তী কার্যক্রম না অনুষ্ঠিত হয়

যদি কোনো কেস পরবর্তীতে আর না পরিচালনা করার সিদ্ধান্ত নেয়া হয় কিংবা চলমান তদন্ত বন্ধ করে দেয়া হয় তাহলে এর কারণগুলোর ব্যাখ্যা আপনাকে প্রদান করা হবে।

যদি বিচার-কাজ না করার সিদ্ধান্ত নেয়া হয়, তাহলে আমরা আপনাকে বলতে পারি কিভাবে এর কারণগুলোর ব্যাখ্যা পেতে পারেন। আপনি যদি চান, এই সিদ্ধান্ত কিভাবে পুনর্বিবেচনা করা যেতে পারে সে ব্যাপারে আমরা আপনাকে তথ্য প্রদান করতে পারি।

## ভিক্টিমদের সুরক্ষা

ভিক্টিম হিসেবে এবং আপনার সহযোগিতার মাধ্যমে আমরা আপনার চাহিদাগুলো পর্যালোচনা করবো। আপনার নিরাপত্তার সাথে জড়িত যেকোনো বিষয় আমরা চিহ্নিত করবো। নিম্নোক্ত ক্ষেত্রে আপনার দুর্বলতার ব্যাপারে আমরা পর্যালোচনা করবো:

- প্রতিশোধ (আমাদের কাছে রিপোর্ট করার জন্য অভিযুক্ত ব্যক্তির দ্বারা আপনার ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা);
- হুমকি (যখন অন্য ব্যক্তি আপনাকে কোনোভাবে প্রভাবিত করার চেষ্টা করবে);
- পুনরায় নির্যাতিত হওয়া (আপনার অভিযোগের তদন্ত এবং আদালতের কর্মকাণ্ডের জন্য যখন আপনাকে পুনরায় নির্যাতিত হতে হয় বা আপনার দুর্ভোগ বৃদ্ধি পায়)।

## বিশেষ ব্যবস্থা

আমরা যদি উদ্বেগের কোনো বিষয় চিহ্নিত করতে পারি তাহলে সেক্ষেত্রে আমরা কিছু বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে পারি যাতে করে আপনি আদালতে যথাসম্ভব আরামদায়ক অবস্থায় থাকতে পারেন। এর মধ্যে রয়েছে:

- সাধারণ জনগণের জন্য উন্মুক্ত নয় এরকম পথ দিয়ে আপনার আদালতে প্রবেশ কিংবা বের হওয়ার ব্যবস্থা করা;
- আদালতে জনসাধারণের উপস্থিতি থেকে মুক্ত রাখা;
- লাইভ টেলিভিশন লিংক অথবা পর্দার আড়ালে থেকে প্রমাণ প্রদান করা।

আপনার ব্যক্তিগত নিরাপত্তা ব্যবস্থা কিংবা কিভাবে আপনি আপনার সম্পত্তি নিরাপদে রাখবেন সে ব্যাপারে আমরা আপনাকে পরামর্শ প্রদান করবো।

## শিশু ভিক্টিম (18 বছরের কম-বয়সী)

আমাদের দ্বারস্থ হওয়া সকল শিশুদের সাথেই আমরা সম্মানের সাথে ব্যবহার করি।

আমরা উপলব্ধি করেছি যে যেসব শিশু কোনো অপরাধের ভিক্টিম হয়ে থাকে চাহিদা অনুযায়ী তাদের জন্য সবসময়ই কিছু বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হয়। শিশুরা যেখানে স্বাচ্ছন্দ্যবোধ করবে এরকম জায়গায় এবং বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত সাক্ষাতকারীদের মাধ্যমে তাদের সাক্ষাৎ গ্রহণের ব্যবস্থা করে থাকি আমরা।

যখনই প্রয়োজন হয় আমরা যেকোনো শিশুকে TUSLA-এ পাঠানোর ব্যবস্থা করি যা একটি – শিশু ও পরিবার সংস্থা – এবং এর ভাষ্যমতে: '**শিশুই প্রথম: শিশুদের সুরক্ষা এবং কল্যাণের স্বার্থে জাতীয় নির্দেশিকা**'।

## বিশেষ চাহিদাসমূহ

আপনার যদি কোনো প্রকার অক্ষমতা থাকে, তাহলে সেক্ষেত্রে আমরা আপনার নির্দিষ্ট চাহিদাগুলোর ব্যাপারে পর্যালোচনা করবো। আপনার যদি নির্দিষ্ট কোনো চাহিদা থাকে অথবা সহায়তার প্রয়োজন হয় তাহলে অনুগ্রহপূর্বক আমাদের সে ব্যাপারে অবগত করুন।

## সমকামী, হিজড়া, উভকামী এবং ট্রান্সজেন্ডার সম্প্রদায়

**আপনি যদি সমকামী-ভীতির (হোমোফোবিয়া) কোনো ভিক্টিম** হয়ে থাকেন তবে আমরা আপনাকে **একটি Garda Síochána-এর আওতাভুক্ত Garda ডাইভারসিটি অফিসারের** পরিষেবা গ্রহণ করার পরামর্শ দিবো।

LGBTQ যোগাযোগ অফিসারের সার্ভিস গ্রহণের জন্য পরামর্শ দিবো।

## আয়ারল্যান্ডে ভ্রমণকারীগণ

আপনি যদি আয়ারল্যান্ডে একজন ভ্রমণকারী হয়ে থাকেন এবং কোনো অপরাধের শিকার হয়ে থাকেন তাহলে আপনি এই ব্যাপারে যেকোনো Garda ষ্টেশনে রিপোর্ট করতে পারবেন। আমরা অবিলম্বে আপনার স্টেটমেন্টটি গ্রহণ করবো এবং আপনার অনুমোদন নেয়ার মাধ্যমে আপনাকে আইরিশ টুরিস্ট অ্যাসিস্ট্যান্স সার্ভিস (ITAS)-এর সাহায্য গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া হবে।

| আইরিশ টুরিস্ট অ্যাসিস্ট্যান্স সার্ভিস – ITAS | |
|---|---|
| ITAS পুরো দেশব্যাপী সেবা প্রদান করে থাকে যারা কিনা আয়ারল্যান্ডে ভ্রমণ করার সময় কোনো প্রকার অপরাধ কিংবা অন্যান্য মর্মান্তিক ঘটনার শিকার হয়েছে। | |
| **ফোন** | +353 (0)1 666 9354 |
| **ওয়েবসাইট** | www.itas.ie |

ভিক্টিম সাপোর্ট ইউরোপ ওয়েবসাইট victimsupport.eu এর মাধ্যমে আপনি আপনার দেশে বসেই ভিক্টিম সাপোর্ট সার্ভিসের ব্যাপারে তথ্য সংগ্রহ করতে পারেন।

## আয়ারল্যান্ডের বাহিরে সংঘটিত অপরাধসমূহ

আয়ারল্যান্ডের বাহিরে সংঘটিত কোনো অপরাধের ব্যাপারে যদি আপনি রিপোর্ট করে থাকেন তাহলে সেটি আমরা অবিলম্বে যথোপযুক্ত কর্তৃপক্ষকে জানিয়ে দিবো।

## যৌন অপরাধ

যৌন অপরাধের ক্ষেত্রে আমরা বিশেষ সংবেদনশীলতা প্রদর্শন করবো। আপনার আবেদন অনুযায়ী, আমরা আপনার জন্য একই লিঙ্গের Garda-এর ব্যবস্থা করতে পারবো। যখনই সম্ভব হবে আমরা আপনার পরীক্ষার জন্য একই লিঙ্গের ডাক্তার কিংবা পরীক্ষকের ব্যবস্থা করবো। কিন্তু, কিছু কিছু সময়ে এটি করা সম্ভব হবে না।

আমরা আপনাকে যৌন অপরাধের ভিক্টিমের জন্য সহায়ক প্রতিষ্ঠান সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রদান করবো।

## শোকগ্রস্ত পরিবার

আপনি যদি হত্যা অথবা অন্য কোনো বেআইনি হত্যার সাথে সংশ্লিষ্ট ভিক্টিমের পরিবারের সদস্য হয়ে থাকেন তাহলে আমরা আপনার জন্য একটি Garda পারিবারিক যোগাযোগ অফিসারের ব্যবস্থা করবো। তাদের কাজ হবে তদন্ত চলাকালীন সময়ে আপনার সাথে যোগাযোগ বজায় রাখা।

Garda তদন্তের ব্যাপারে তারা আপনাকে যথা সময়ে যথাযথ তথ্য প্রদান করবে। এছাড়াও তারা আপনাকে ভিক্টিম সাপোর্ট অর্গানাইজেশনের সাথে যোগাযোগের ঠিকানা প্রদান করবে যাতে করে আপনি তাদের সহায়তা নিতে পারেন।

## সাংসারিক নির্যাতনের ভিক্টিম

সাংসারিক নির্যাতনের ক্ষেত্রে আপনার এবং আপনার পরিবারের নিরাপত্তার স্বার্থে এবং আইন অনুযায়ী আমরা স্বামী বা স্ত্রী বা যেকোনো সঙ্গীকে গ্রেপ্তার করতে পারি। আদালতে এই বিষয়ে

আপনি কী কী নিরাপত্তা গ্রহণ করতে পারেন সে ব্যাপারে আমরা আপনাকে তথ্য প্রদান করবো।

আপনি অথবা আপনার পরিচিত কেউ যদি সাংসারিক, যৌন অথবা লিঙ্গ বৈষম্যের শিকার হয়ে থাকে তাহলে সেক্ষেত্রে তাদের জন্য সরকারী সহায়তায় জাতীয় এবং স্থানীয় সার্ভিসের ব্যবস্থা রয়েছে।

সকল সার্ভিসের ব্যাপারে জানতে অনুগ্রহপূর্বক **www.cosc.ie** ভিজিট করুন

## বর্ণবাদী ঘটনা

আপনি যদি কোনো প্রকার বর্ণবাদী ঘটনার শিকার হয়ে থাকেন তাহলে সেক্ষেত্রে আমরা আপনাকে আপনার এলাকার Garda এথনিক যোগাযোগ অফিসারের সহায়তা গ্রহণের পরামর্শ দিবো।

## আপনি যদি ইংরেজিতে কথা বলতে না পারেন

যদি প্রয়োজন হয় তাহলে আমরা আপনার জন্য অনুবাদকের ব্যবস্থা করবো যাতে করে আপনি অন্য যেকোনো ভিক্টিমের মতোই যথোপযুক্ত সার্ভিস পেতে পারেন।

## অন্যান্য সহায়তা

আপনার আমাদের সাথে কথা বলতে কোনো সমস্যা হলে কিংবা আমাদের কথা বুঝতে কোনো সমস্যা হলে আমরা আপনাকে এই বিষয়ে সাহায্য করতে পারি। এরকম হওয়ার সম্ভাব্য কারণ হল:

- আপনার ব্যক্তিগত অবস্থা বা পরিস্থিতি;
- শেখার অক্ষমতা;
- মানসিক ধাক্কা।

## অনুবাদক বা ব্যাখ্যাকারী

আমরা আপনার জন্য যথোপযুক্ত অনুবাদক বা ব্যাখ্যাকারীর ব্যবস্থা করতে পারবো। তারা সম্পূর্ণরূপে স্বতন্ত্র হয়ে থাকে। তাছাড়া Garda Siochána দ্বারা তাদের নিযুক্ত করা হয় না।

## আইনগত সহায়তা

কিছু কিছু পরিস্থিতিতে একজন যৌন অপরাধের শিকার কিংবা সাংসারিক অপরাধের শিকার হলে সেক্ষেত্রে আপনার জন্য বিনামূল্যে আইনগত সহায়তার ব্যবস্থা করা হবে। এর মাধ্যমে আদালতে আপনার প্রতিনিধি হিসেবে একজন উপস্থিত থাকবে। এছাড়াও আপনার জন্য বিনামূল্যে আইনগত পরামর্শ গ্রহণের ব্যবস্থা করা হবে হবে যদি আপনি মানব পাচারের একজন ভিক্টিম হয়ে থাকেন।

আরও বিস্তারিত তথ্যের জন্য লিগ্যাল বোর্ড ওয়েবসাইটটি দেখুন- www.legalaidboard.ie

## Garda ভিক্টিম সার্ভিস অফিস

**প্রতিটি বিভাগীয় Garda ভিক্টিম সার্ভিস অফিস** (GVSO) সোমবার থেকে শুক্রবার সকাল 9.00টা থেকে বিকাল 5.00টা পর্যন্ত খোলা থাকে। অপরাধমূলক কর্মকান্ডের সকল ভিক্টিম অপরাধ কার্যক্রমের পরিস্থিতি কেমন তার উপর ভিত্তি করে একটি উপযুক্ত ফলো-আপ কনটাক্ট পাবেন নিম্নলিখিত কর্তৃপক্ষের কাছ থেকে:

- তদন্তকারী Garda,
- **Garda ভিক্টিম সার্ভিস অফিস**,
- **পারিবারিক যোগাযোগ অফিসার।**

আপনি পৃষ্ঠা 18 থেকে শুরু করে Garda ভিক্টিম পরিষেবা **অফিসগুলোর অবস্থান এবং যোগাযোগের** একটি পূর্ণ তালিকা পেতে পারেন।

## ভিক্টিম সাপোর্ট সার্ভিসে প্রবেশাধিকার

আপনার যদি অনুমোদন থাকে তাহলে Garda Síochána-এর একজন সদস্য আপনার জন্য যথোপযুক্ত একটি ভিক্টিম সাপোর্ট সার্ভিসের ব্যবস্থা করবে।

## আদালতের খরচপত্র

আদালতে আপনাকে যদি একজন সাক্ষী হিসেবে আসতে বলা হয় তাহলে আপনি আপনার খরচ পুনরুদ্ধার করতে পারবেন।

আপনার যদি কোনো কেসের সাথে সংশ্লিষ্টতা থাকে তাহলে Garda Síochána সাক্ষী বাবদ সকল খরচ প্রদান করবে। এই খরচটি হচ্ছে আপনার আদালতে যাতায়াতের খরচ।

এই খরচপত্রে নিম্নোক্ত বিষয়গুলো থাকতে পারে:

- যাতায়াত;
- খাবার;
- কিছু কিছু কেসের ক্ষেত্রে থাকার ব্যবস্থা.

যে জায়গায় কেসটি সংঘটিত হচ্ছে সেখানকার Garda সুপারিনটেনডেন্ট (ডিসট্রিক্ট অফিসার) আপনার খরচ বহন করবে। Garda ষ্টেশনগুলোতে যোগাযোগের জন্য বিস্তারিত আপনি এখানে পাবেন- www.garda.ie

আপনার কেস পরিচালনাকারী Garda আপনার খরচ পরিশোধ করার ব্যবস্থা করতে পারে। তারা আপনার কাছে আপনার

খরচপত্রের রসিদ চাইতে পারে। কিছু কিছু ক্ষেত্রে, খরচপত্র আপনার জন্য আগে থেকেই পরিশোধিত থাকবে যাতে করে আপনি আদালতে যাতায়াত করতে পারেন।

# ক্ষতিপূরণ

## ট্রাইব্যুনালের পক্ষ থেকে ক্ষতিপূরণ

দী ক্রিমিনাল ইনজুরিস কম্পেনসেশন ট্রাইব্যুনাল তাদের আবেদনই গ্রহণ করে যারা কোনো অপরাধের কারণে কোনো প্রকার শারীরিক ক্ষতির সম্মুখীন হয়েছে অথবা তার কাছের কারও মৃত্যু হয়েছে।

ট্রাইব্যুনাল অতিরিক্ত কিছু খরচপত্র ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে পারে। এর মধ্যে রয়েছে ভিক্টিমের উপার্জনে ক্ষয়ক্ষতি, সেক্ষেত্রে আপনাকে রসিদ কিংবা অন্য কোনো প্রমাণ দেখাতে হবে।

যে ঘটনায় ইনজুরিটি সংঘটিত হয়েছে সেটি অবশ্যই অবিলম্বে Gardaí-এর কাছে রিপোর্ট করা থাকতে হবে। দাবি করার জন্য আপনার কাছে তিন মাসের সময়সীমা থাকবে, কিন্তু কিছু বিশেষ ক্ষেত্রে এই সময়সীমাটি বাড়ানো যেতে পারে।

ঘটনাটির কারণে ভিক্টিমের যদি মৃত্যু হয় তাহলে ট্রাইব্যুনাল ভিক্টিমের উপর নির্ভরশীলদের ক্ষতিপূরণ প্রদান করবে। কারও মৃত্যু হয়েছে এমন কোনো কেসের ক্ষেত্রে কোনো প্রকার সময়সীমা থাকবে না।

## অপরাধীর পক্ষ থেকে ক্ষতিপূরণ

কোনো অপরাধীকে অভিযুক্ত করার পর তার শাস্তি হিসেবে আদালত তাকে ভিক্টিমের ক্ষতিপূরণ প্রদানের জন্য আদেশ দিতে পারে।

নিম্নোক্ত জায়গা থেকে আপনি আরও তথ্য পেতে পারেন:

| ক্রিমিনাল ইনজুরিস কম্পেনসেশন স্কিম |
| --- |
| **ঠিকানা** |
| Criminal Injuries Compensation Scheme<br>Second Floor<br>7–11 Montague Court<br>Montague Street<br>Dublin 2<br>টেলিফোন: 01 - 476 8670 |
| ইমেইল |
| criminalinjuries@justice.ie |

## রেস্টোরেটিভ জাস্টিস সার্ভিসেস

রেস্টোরেটিভ জাস্টিস এমন একটি জায়গা যেখানে ভিক্টিম, অপরাধী এবং একজন অভিজ্ঞ স্বতন্ত্র লোকের একটি বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানে ভিক্টিমটি তার পক্ষের ঘটনাটি খুলে বলে যাতে করে অপরাধী তার অপরাধের বাস্তব ফলাফলগুলো বুঝতে পারে এবং যথাসম্ভব তার সংশোধন করতে পারে।

আপনি যদি কোনো অপরাধের ভিক্টিম হয়ে থাকেন এবং অপরাধী যদি 18 বছরের কম বয়সী হয়ে থাকে তাহলে আপনাকে তার পরিবারের সাথে পারিবারিক বৈঠকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ করা হতে পারে যেখানে আপনি আপনার মতামত তুলে ধরবেন এবং সেগুলো বিবেচনা করা হবে।

বিস্তারিত আরও তথ্য এখানে পাওয়া যাবে www.probation.ie

## কারাগার যোগাযোগ সার্ভিস

কোনো ব্যক্তি যদি কাস্টডিতে থাকে এবং তাকে আপনার বিরুদ্ধে সংঘটিত কোনো অপরাধের জন্য অভিযুক্ত করা হয়ে থাকে তাহলে আপনি আইরিশ প্রিজন সার্ভিসের কাছে তার শাস্তির ব্যাপারে গুরুত্বপূর্ণ কোনো অগ্রগতি থাকলে সে ব্যাপারে তথ্য চাইতে পারেন।

আপনি এই কাজটি করতে পারবেন যদি আপনি এই ধরণের তথ্য গ্রহণের জন্য নিবন্ধন করে থাকেন। কিভাবে নিবন্ধন করতে হবে সে ব্যাপারে আরও তথ্য জানতে এখানে যান- **www.irishprisons.ie**

## পাবলিক প্রসিকিউশন ডিরেক্টরের অফিস

কোনো উদ্দিষ্ট ব্যক্তিকে অভিযুক্ত করা হবে কিনা এবং তার বিরুদ্ধে কী কী চার্জ তৈরি করা হবে সে ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার দায়িত্ব হল পাবলিক প্রসিকিউশন ডিরেক্টরের (DPP)। প্রসিকিউশন শুরুর সাথে সাথেই প্রসিকিউশন কেসটি DPP-এর অধীনে থাকবে। মামলা চলাকালীন সময়ে পাবলিক প্রসিকিউশন ডিরেক্টর (DPP)-এর ব্যাপারে আপনার কোনো মন্তব্য থাকলে নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করুন:

| ডিরেক্টর অফ পাবলিক প্রসিকিউশন | |
|---|---|
| **ঠিকানা** | |
| ইনফারমারি রোড<br>ডাবলিন 7 | |
| **ফোন** | +353 (0)1 858 8500 |
| **ফ্যাক্স** | +353 (0)1 642 7406 |
| **ওয়েবসাইট** | www.dppireland.ie |

অথবা আপনি আপনার স্থানীয় Garda ভিক্টিম সার্ভিস অফিসে যোগাযোগ করতে পারেন।

এছাড়াও আপনি Garda Síochána অমবুডসম্যান কমিশনে অভিযোগ করতে পারেন।

| Garda Síochána **অমবুডসম্যান কমিশন** | |
|---|---|
| **ঠিকানা** | |
| 150 অ্যাবি স্ট্রীট আপার<br>ডাবলিন 1 | |
| **স্থানীয় নম্বর** | 1890 600 800 |
| **ফোন** | (01) 871 6727 |
| **ফ্যাক্স** | (01) 814 7023 |
| **ইমেইল** | info@gsoc.ie |
| **ওয়েবসাইট** | www.gardaombudsman.ie |

## আমাদের সার্ভিস নিয়ে কি আপনি অসন্তুষ্ট?

আপনি যদি আমাদের সার্ভিস নিয়ে অসন্তুষ্ট থাকেন কিংবা Garda Síochána-এর সদস্যদের ব্যাপারে আপনার কোনো প্রশ্ন, পরামর্শ বা মন্তব্য থাকে তাহলে অনুগ্রহপূর্বক আপনার স্থানীয় Garda সুপারিনটেনডেন্টের সাথে যোগাযোগ করুন। Garda Síochána-এর ফোন ডিরেক্টরিতে (সবুজ পৃষ্ঠা) অথবা www.garda.ie ঠিকানায় তাদের সাথে যোগাযোগের বিস্তারিত তথ্য পাবেন।

## জাতীয় পর্যায়ে Garda ভিক্টিম সার্ভিস অফিস

1. **Cavan/Monaghan**

   Ballyconnell, Co. Cavan

   ফোন (0)49 9525807

   ইমেইল**CavanMonaghan.VictimService@garda.ie**

2. **Clare**

   Ennis, Co. Clare

   ফোন (0)65 684 8194

   ইমেইল **Clare.VictimService@garda.ie**

3. **Cork City**

   AngleseaStreet,Cork

   ফোন (0)21 454 8524

   ইমেইল **CorkCity.VictimService@garda.ie**

4. **Cork North**

   Mitchelstown,Co.Cork

   *ফোন* (0)2586786

   *ইমেইল* CorkNorth.VictimService@garda.ie

5. **Cork West**

Bandon, Co. Cork

ফোন (0)23 885 2295

ইমেইল **CorkWest.VictimService@garda.ie**

6. **DMR East**

   DúnLaoghaire,Co.Dublin

   ফোন (0)1 666 5063

   ইমেইল **DMREast.VictimService@garda.ie**

7. **DMR North Central**

   StoreStreet, Dublin1

   *ফোন*(0)1 6668108

   *ইমেইল*

   **DMRNorthCentral.VictimService@garda.ie**

8. **DMR North**

   Ballymun, Dublin 9

   *ফোন* (0)1 6664463

   *ইমেইল*

   **DMRNorth.VictimService@garda.ie**

9. **DMR South Central**

   Pearse Street, Dublin 2

   *ফোন*(0)1 666 9350

   *ইমেইল*

   **DMRSouthCentral.VictimService@garda.ie**

**10. DMR South**
Crumlin, Dublin 12
ফোন (0)1 6666263
ইমেইল **DMRSouth.VictimService@garda.ie**

**11. DMR West**
Finglas, Dublin 11
ফোন **(0)1 6667563**
ইমেইল **DMRWest.VictimService@garda.ie**

**12. Donegal**
Glenties, Co Donegal
ফোন **(0)74 955 1085**
ইমেইল **Donegal.VictimService@garda.ie**

**13. Galway**
Gort, Co. Galway
ফোন (0)91636495
ইমেইল **Gaillimh.VictimService@garda.ie**

**14. Kerry**
Castleisland, Co. Kerry
ফোন (0)66 716 3303
ইমেইল **Kerry.VictimService@garda.ie**

**15. Kildare**
Naas, Co. Kildare
ফোন (0)45884395
ইমেইল **Kildare.VictimService@garda.ie**

**16. Kilkenny/Carlow**
Kilkenny, Co.Kilkenny
ফোন **(0)56 777 5090**
ইমেইল
**KilkennyCarlow.VictimService@garda.ie**

**17. Laois/Offaly**
Portlaoise, Co. Laois
ফোন (0)57 867 4195
ইমেইল **LaoisOffaly.VictimService@garda.ie**

**18. Limerick**
HenryStreet, Limerick
ফোন (0)61 212496
ইমেইল **Limerick.VictimService@garda.ie**

**19. Louth**
Dunleer, Co. Louth
ফোন (0)41 686 2388
ইমেইল **Louth.VictimService@garda.ie**

## 20. Mayo

Swinford, Co. Mayo

ফোন (0)94 925 3139

ইমেইল **Mayo.VictimService@garda.ie**

## 21. Meath

Navan, Co. Meath

ফোন (0)46 903 6194

ইমেইল **Meath.VictimService@garda.ie**

## 22. Roscommon/Longford

Convent Road, Roscommon

ফোন (0)90 663 8389

ইমেইল

**RoscommonLongford.VictimService@garda.ie**

## 23. Sligo/Leitrim

Carrick-on-Shannon

ফোন (0)71 965 0517

ইমেইল **SligoLeitrim.VictimService@garda.ie**

## 24. Tipperary

Templemore, Co. Tipperary

ফোন (0)50432636

ইমেইল **Tipperary.VictimService@garda.ie**

## 25. Waterford

Waterford, Co. Waterford

ফোন (0)51305395

ইমেইল **Waterford.VictimService@garda.ie**

## 26. Westmeath

Delvin, Co. Westmeath

ফোন(0)449668102

ইমেইল **WestMeath.VictimService@garda.ie**

## 27. Wexford

Wexford, Co. Wexford

ফোন (0)53 916 5297

ইমেইল **Wexford.VictimService@garda.ie**

## 28. Wicklow

Bray, Co. Wicklow

ফোন (0)1 666 5360

ইমেইল **Wicklow.VictimService@garda.ie**

## দরকারি ওয়েবসাইটসমূহ

একজন ভিক্টিম হিসেবে আপনার বিনামূল্যে সাপোর্ট সার্ভিস পাওয়ার অধিকার আছে। নিম্নে ভিক্টিমদের জন্য সহায়ক কিছু রিসোর্সের লিস্ট প্রদান করা হল। কোন সাপোর্ট সার্ভিসটি আপনার জন্য উপযুক্ত সে ব্যাপারে যদি আপনি নিশ্চিত না থাকেন তাহলে সেক্ষেত্রে আপনি আরও তথ্য জানার জন্য Garda ভিক্টিম সার্ভিস অফিস অথবা ন্যাশনাল ক্রাইম ভিক্টিম হেল্পলাইনে 116 006 নম্বরে যোগাযোগ করতে পারেন।

**AdVIC – হত্যার ভিক্টিমদের জন্য পরামর্শ**

হত্যার ভিক্টিম এবং তাদের পরিবারের অধিকার আদায়ের উদ্দেশ্যে AdVIC প্রচারনা চালায়। এর মাধ্যমে শোকগ্রস্ত পরিবারেরা একত্রিত হয় এবং বিনামূল্যে প্রফেশনাল কাউন্সেলিং প্রদান করে।

| | |
|---|---|
| ওয়েবসাইট | www.advic.ie |
| ফোন | (01) 617 7937 |

**AnyMan – পুরুষদের জন্য সহায়তা**

যে সকল পুরুষ সাংসারিক নির্যাতনের শিকার হয়েছে কিংবা প্রতিনিয়ত শিকার হচ্ছে তাদের জন্য Anyman সাপোর্ট সার্ভিস এবং দরকারি সকল তথ্য প্রদান করে।

| | |
|---|---|
| ওয়েবসাইট | www.anyman.ie |
| ফোন | +353 (0)1 554 3811 |

**CARI – শিশু এবং কিশোরীদের জন্য সার্ভিস**

| যৌন নির্যাতনের শিকার হওয়া শিশু এবং কিশোরীদের জন্য CARI সাপোর্ট সার্ভিস প্রদান করে। এছাড়াও এটি পরিবারের অন্যান্য সদস্যদেরকেও সহায়তা প্রদান করে। | |
|---|---|
| ওয়েবসাইট | www.cari.ie |
| ফোন | 1890 924 567 |

| ক্রাইম ভিক্টিমস হেল্পলাইন | |
|---|---|
| ক্রাইম ভিক্টিম হেল্পলাইন আয়ারল্যান্ডে সংঘটিত কোনো অপরাধের ভিক্টিমদের কথা শোনা এবং সাপোর্ট সার্ভিস প্রদানের কাজ করে থাকে। | |
| ওয়েবসাইট | www.crimevictimshelpline.ie |
| ফোন | 116 006 |

| ডাবলিন রেপ ক্রাইসিস সেন্টার | |
|---|---|
| নারী বা পুরুষ যারা ধর্ষণ, যৌন নির্যাতন, যৌন হয়রানি বা শৈশবে যৌন নির্যাতনের শিকার হয়েছে তাদের জন্য এই প্রতিষ্ঠানটি বিভিন্ন ধরণের সাপোর্ট সার্ভিস প্রদান করে থাকে। | |
| ওয়েবসাইট | www.drcc.ie |
| ফোন | 1800 77 8888 |

| মিসিং পারসন হেল্পলাইন | |
|---|---|
| মিসিং পারসন হেল্পলাইন সে সকল পরিবার বা ব্যক্তি বিশেষদের সহায়তা প্রদান করে যাদের আত্মীয়, বন্ধু বা কোনো সহকর্মী নিখোঁজ রয়েছে। | |
| ওয়েবসাইট | www.missingpersons.ie |
| ফোন | 1890 442 552 |

| ওয়ান ইন ফোর | |
|---|---|
| যেসব প্রাপ্তবয়স্ক ব্যক্তি ছোটবেলায় যৌন নির্যাতনের শিকার হয়েছেন, তাদের পরিবার এবং যারা যৌনভাবে ক্ষতিকর কর্মকান্ডের সাথে জড়িত হয়েছেন তাদের জন্য ওয়ান ইন ফোর সহায়তা প্রদান করে থাকে। | |
| ওয়েবসাইট | **www.oneinfour.ie** |
| ফোন | (01) 662 4070 |

| রেপ ক্রাইসিস নেটওয়ার্ক আয়ারল্যান্ড | |
|---|---|
| রেপ ক্রাইসিস নেটওয়ার্ক আয়ারল্যান্ডের প্রতিনিধি, সকল সদস্যের মূল দল যৌন নির্যাতনের শিকার সকল ভিক্টিমদের বিনামূল্যে পরামর্শ, কাউন্সেলিং এবং সাপোর্ট প্রদান করবে। | |
| ওয়েবসাইট | www.rapecrisishelp.ie |
| ফোন | (01) 865 6954 |

| রুহামা | |
|---|---|
| Ruhama পতিতাবৃত্তি এবং সংগঠিত যৌন পাচারের ভিক্টিমদের সহায়তা প্রদান করে। | |
| ওয়েবসাইট | www.ruhama.ie |
| ফোন | (01) 836 0292 |

| সাপোর্ট আফটার হমিসাইড | |
|---|---|
| যাদের জীবন কোনো হত্যাকাণ্ডের কারণে প্রভাবিত হয়েছে Support after Homicide তাদের মানসিক সাপোর্ট এবং বিভিন্ন ব্যবহারিক তথ্য প্রদান করে থাকে। | |
| ওয়েবসাইট | www.supportafterhomicide.ie |
| ফোন | 087 983 7322 |

| ওমেনস এইড | |
|---|---|
| যে সকল মহিলা সাংসারিক নির্যাতনের শিকার হয়েছে কিংবা প্রতিনিয়ত হচ্ছে ওমেনস এইড (Women's Aid) তাদের জন্য সাপোর্ট সার্ভিস এবং তথ্য প্রদান করে। | |
| ওয়েবসাইট | www.womensaid.ie |
| 24 ঘন্টা হেল্পলাইন | 1800 341 900 |

| অন্যান্য দরকারি ওয়েবসাইটসমূহ | |
|---|---|
| **Garda** | www.garda.ie |
| কোর্টস সার্ভিস | www.courts.ie |
| **Tusla** | www.tusla.ie |
| হেলথ সার্ভিস এক্সিকিউটিভ | www.hse.ie |

ক্রাইম ভিক্টিমস হেল্পলাইন

ফোন 116 006

CrimeVictimsHelpline.ie

একটি Garda Síochána

ভিক্টিমের অধিকার সংক্রান্ত তথ্য, **কোনো অপরাধ সম্পর্কে অভিযোগ করার প্রক্রিয়া, বিনামূল্যে ভিক্টিম সাপোর্ট সার্ভিসের** বিস্তারিত ইত্যাদি পেতে **www.garda.ie** ওয়েবসাইট ভিজিট করুন।

An Garda Síochána Headquarters

**Phoenix Park, Dublin 8, D08 HN3X**

**ফোন +353 (0)1 666 0000**